

ফতওয়া নং ৩০০

প্রশ্ন:

কবরস্থানের টাকা মসজিদের কাজে লাগানো যাবে কি? মাননীয় মুফতি সাহেব আমার জানার বিষয় হলো। কবরস্থানের জায়গা ও মানুষে দান করে মসজিদের জায়গা ও মানুষে দান করে। এখন কবরস্থানের অনেক ইনকাম আছে টাকা অনেক জমা আছে সেই টাকা মসজিদের কাজে লাগানো যাবে কি। যদি না লাগানো যায় কেনো লাগানো যাবে না দয়া করে বিস্তারিত জানালে উপকৃত হবো।

উত্তর:

ওয়াক্ফকৃত কবরস্থানের ইনকাম কবরস্থানেরই কোনো প্রয়োজনে ব্যয় করা আবশ্যিক। কবরস্থানের প্রয়োজন থাকা অবস্থায় উক্ত ইনকাম কবরস্থান ব্যতীত মসজিদ, মাদ্রাসা ইত্যাদি অন্য খাতে ব্যয় করা জাইয হবে না। এই কবরস্থানে প্রয়োজন না হলে অন্য নিকটবর্তী যে কবরস্থানে প্রয়োজন আছে, সেখানে ব্যয় করতে হবে। কোনো কবরস্থানে প্রয়োজন না হলে এবং টাকা অসংরক্ষণের আশঙ্কা হলে, পারস্পরিক পরামর্শের মাধ্যমে মসজিদে ব্যয় করা জাইয হবে। (খইরুল ফাতাওয়া ৩/২০৭, ফাতাওয়া মাহমুদিয়া ১৫/২৭২)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
০৪ রমাযান, ১৪৪৫ হিজরী (15/03/2024)